যুগান্তর

তারিখ 17 FEB 2015
পৃষ্ঠা ০২ কলাম ০২

# আজ থেকে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদলের ধর্মঘট

যুগান্তর রিপোর্ট

আবারও সারা দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের ডাক দিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল। আজ থেকে বৃহস্পতিবার পর্যন্ত এই ধর্মঘট চলবে। সোমবার সংগঠনের কেন্দ্রীয় সংসদের সভাপতি রাজিব আহসান ও সাধারণ সম্পাদক আকরামুল হাসানের পক্ষে এক বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির কথা জানিয়েছেন ছাত্রদলের সহ-সভাপতি

ধর্মঘট : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

## ধর্মঘট : ছাত্রদলের

(১ম পৃষ্ঠার পর)

নাজমুল হাসান। বিবৃতিতে বলা হয়, ছাত্রদলের নেতাকর্মীদের আইনশৃংখলা বাহিনী কর্তৃক হত্যা, গুম, অন্যায়ভাবে গ্রেফতার ও নির্যাতন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সহাবস্থান এবং অবিলম্বে অবৈধ সংসদ ভেঙে দিয়ে নির্দলীয় ও নিরপেক্ষ সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে এ কর্মসূচির পালন করা হবে। ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক এই কর্মসূচি পালনের জন্য সংগঠনের সব পর্যায়ের নেতাকর্মীর প্রতি আহ্বান জানিয়েছেন।

নানা দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ আরও কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদলের ডাকে ধর্মঘট চলছে।